


অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের প্রতি সদস্য সচিবের আহ্বান :

জীবনভর শিক্ষার আলো ছড়িয়েছেন। শিক্ষার মশাল জ্বালিয়েছেন ঘরে ঘরে। দেশের জন্য কাজ করেছেন। আপনার মেধা ও শ্রমে হাজার হাজার সন্তান যোগ্য মানুষ হয়েছে। কিন্তু নিজে দারিদ্রের সাথে সংগ্রাম করেছেন। দারিদ্রের অন্ধকার নিজ ঘরে। ২৫/৩০/৩৫ বছর কাজ করেছেন শিক্ষার সাথে। জীবন সায়াহ্নে এসে অবসরে যাওয়ার পর কিছু টাকা নিয়ে ঘরে যাবেন। আপনার চাকরী জীবনের সঞ্চয়ের সাথে সরকারের প্রদত্ত টাকার অংক মিলিয়ে মোটামুটি একটি ভালো পরিমাণ অর্থ আপনি পেয়ে থাকেন। অবসরের এই অর্থ পেতে আগে ৫বছরের অধিক সময় লাগতো। বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদের জন্য ইতিমধ্যে অবসর ভাতা বাবদ ৭শত ৫০কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। যার ফলে অনিষ্পন্ন ৪৬ হাজার আবেদনের মধ্যে প্রায় ২৫ হাজার আবেদন ২বছরের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে আবেদন করার পর ৩ বছরের মধ্যে আপনি টাকা পেয়ে যাচ্ছেন।

অতি সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে আমরা আশ্বাস পেয়েছি, অবসরে যাওয়া শিক্ষক কর্মচারীদের ভোগান্তি দূর করতে আরো ৫শত ৩২কোটি টাকা বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দকৃত এই টাকা দিয়ে ২০১৭ সালের জুন মাস পর্যন্ত প্রায় ১৪ হাজার আবেদন পুরাতন স্কেলে নিষ্পত্তি করা সম্ভব হবে।

২০১৭ সালের জুন মাস পর্যন্ত আবেদনকারী শিক্ষক কর্মচারীদের জানাচ্ছি, আপনাদের কোন তদবির, সুপারিশ প্রয়োজন নেই। আপনার প্রাপ্য টাকা পেতে কোন হয়রানীর শিকার হতে হবে না। কিছু লোক অপতৎপরতায় লিপ্ত থাকতে পারে। এ বিষয়ে আপনি সতর্ক থাকুন। কোন জরুরী প্রয়োজনে অবসর বোর্ড অফিসে সরাসরি সদস্য সচিব এর সাথে অথবা হেল্প লাইন-০২-৯৬৬২১৮২ এবং ০২-৫৫১৫১৯৯৯(মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার) এ যোগাযোগ করুন।


(অধ্যক্ষ শরীফ আহমদ সাদী)
সদস্য সচিব
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।